

💵 শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-১. আল্লাহর প্রতি ঈমান

আল্লাহর প্রতি ঈমান সম্পর্কে আল্লাহ্ সুবহানাহু তা'আলা বলেন

وَالْمُؤْمِنُونَ اللَّهِ كُلُّ آمَنَ بِاللَّهِ

"আর মুমিনরা প্রত্যেকেই আল্লাহর প্রতি ঈমান রাখে।" (সূরা আল-বাকারা : ২৮৫)। আরও বলা হয়েছে يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا آمِنُوا بِاللَّهِ

"হে ঈমানদারগণ! তোমরা আল্লাহর প্রতি পূর্ণ বিশ্বাস রাখো।' (সূরা আন নিসা : ১৩৬)
সহীহ আল-বুখারী ও সহীহ মুসলিমে[১] আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত। নবী করীম (সা.) বলেছেন
أُمِرْتُ أَنْ أُقَاتِلَ النَّاسَ حَتَّى يَقُولُوا: لاَ إِلٰهَ إِلاَّ الله. فَمَنْ قَالَ: لاَ إِلٰهَ إِلاَّ الله فَقَدْ عَصَمَ مِنِّي مَالَهُ وَنَفْسَهُ إِلاَّ بِحَقِّهِ،
وَحِسَابُهُ عَلَى الله

"যতক্ষণ মানুষ এ সাক্ষয না দেবে যে, আল্লাহ ছাড়া আর কোনো ইলাহ নেই', ততক্ষণ পর্যন্ত আমি তাদের বিরুদ্ধে লড়াই করতে আদিষ্ট হয়েছি। কাজেই যে ব্যক্তি স্বীকার করে নেবে যে, আল্লাহ ছাড়া আর কোনো ইলাহ নেই' সে আমার থেকে তার জীবন ও সম্পদকে নিরাপদ করে নিল। তবে শরীআহসম্মত কোনো কারণ ঘটলে তা ভিন্ন কথা। আর তার (কৃতকর্মের) হিসাব-নিকাশ আল্লাহর কাছে।"

উসমান (রাঃ) থেকে বর্ণিত একটি হাদীস মুসলিম শরীফে সংকলন করা হয়েছে। তাতে নবী করীম (সা.) বলেছেন مَن ماتَ وهو يَعْلَمُ أَنَّه لا إِلَهَ إِلَّا اللَّهُ، دَخَلَ الجَنَّةَ

"যে ব্যক্তি এই বিশ্বাস নিয়ে মারা যাবে- আল্লাহ ছাড়া আর কোনো ইলাহ্ নেই, সে জান্নাতে প্রবেশ করবে।"[২]

ফুটনোট

- [১].ইমাম বুখারী যাকাত অধ্যায়ে এবং ইমাম মুসলিম ঈমান অধ্যায়ে হাদীসটি বর্ণনা করেছেন।
- [২]. সহীহু মুসলিম, 'যে ব্যক্তি তাওহীদের উপর ইন্তিকাল করবে সে জান্নাতী অনুচ্ছেদ, ঈমান অধ্যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12301

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন